# AKASHVANI(AIR)

## RNU: KOLKATA

## Bengali Text Bulletin

**18-04-2026** **Time: 7.50 PM**

বিশেষ বিশেষ খবরঃ-

১) ভোটের আগে কড়া নজরদারিতে অত্যাধুনিক প্রযুক্তি ব্যবহারের পাশাপাশি, বুথ থেকে ১-শো মিটার এলাকা চিহ্নিত করে টানা হবে লক্ষ্মণ রেখা।

২) পোস্টাল ব্যালটে ভোটদান নিয়ে ভোটকর্মীদের তরফে একাধিক অভিযোগের জেরে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের দফতর কঠোর নির্দেশিকা জারি করেছে।

৩) আর মাত্র পাঁচদিন পরে রাজ্য বিধানসভা নির্বাচনের প্রথম দফার ভোটগ্রহণ। জমে উঠেছে প্রচারাভিযান।

৪) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ রাত সাড়ে আটটায় জাতির উদ্দেশ্যে ভাষণ দেবেন।

৫) কেন্দ্রীয় সরকারী কর্মচারীদের জন্য আরও দুই শতাংশ মহার্ঘ্য ভাতা ঘোষণা করা হয়েছে।

oooooooooooooooooooo

ভোটের আগে নজরদারিতে আরো বেশি করে প্রযুক্তির ব্যবহারের সিদ্ধান্ত নিয়েছে নির্বাচন কমিশন। ভোট প্রক্রিয়াকে স্বচ্ছ ও অবাধ রাখতে একাধিক নতুন ব্যবস্থা চালু করা হচ্ছে বলে কমিশন সূত্রে খবর। এবারের নির্বাচনে মাইক্রো অবজার্ভারদের সঙ্গে থাকবে বডি ক্যামেরা। পাশাপাশি প্রতিটি মুহূর্তের গতিবিধি রেকর্ড করার জন্য কেন্দ্রীয় বাহিনী এবং রাজ্য পুলিশের সদস্যদের সঙ্গেও এই ক্যামেরা রাখা হবে। কোনও অভিযোগ বা বিতর্ক তৈরি হলে সেই ফুটেজ খতিয়ে দেখা যাবে বলে জানিয়েছে কমিশন। এছাড়া, সংশ্লিষ্ট বিধানসভা এলাকার সমস্ত সরকারি সিসিটিভি ক্যামেরার নিয়ন্ত্রণও নিজেদের হাতে নিচ্ছে কমিশন। কোথাও কোনও সন্দেহজনক গতিবিধি নজরে এলেই দ্রুত ব্যবস্থা নেওয়ার নির্দেশ দেওয়া হয়েছে।

বুথের নিরাপত্তায় চারপাশে তৈরি করা হচ্ছে ‘লক্ষ্মণরেখা । সাদা চক দিয়ে বুথকে ঘিরে ১০০ মিটার এলাকা চিহ্নিত করা হবে। এই নির্দিষ্ট সীমার মধ্যে শুধুমাত্র ভোটারদেরই প্রবেশের অনুমতি থাকবে। এই ব্যবস্থায় বহুস্তরীয় যাচাইয়েরও পরিকল্পনা রয়েছে। লক্ষ্মণগণ্ডির বাইরে থাকবেন বিএলও ও এক জন সরকারি আধিকারিক, যাঁরা প্রথমে নথি যাচাই করবেন। এরপর নির্দিষ্ট সীমানার ভিতরে আরও দু’টি ধাপে ভোটারদের পরিচয়পত্র পরীক্ষা করা হবে।

oooooooooooooooooooo

পোস্টাল ব্যালটে ভোটদান নিয়ে বিভিন্ন জেলা থেকে ভোট কর্মীদের তরফে একাধিক অভিযোগের জেরে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের দফতর এবিষয়ে কঠোর নির্দেশিকা জারি করেছে। ভোটকর্মীদের অভিযোগ, বহু ক্ষেত্রে পর্যাপ্ত পরিকাঠামোর অভাবে সবাই পোস্টাল ব্যালটে ভোট দিতে পারছেন না। সেই পরিস্থিতি মোকাবিলায়

জেলা প্রশাসনকে দ্রুত পদক্ষেপ করতে বলা হয়েছে।ভোট কর্মীরা পি মাইনাস ৩ অর্থাৎ ভোটগ্রহণের তিনদিন দিন আগে থেকে পি মাইনাস ১ অর্থাৎ এক দিন আগে পর্যন্ত ফ্যাসিলিটেশন সেন্টার এবং ডিস্ট্রিবিউশন সেন্টার, দুই জায়গাতেই ভোট দিতে পারবেন।

একই সঙ্গে নির্বাচন কমিশনের নির্ধারিত সমস্ত প্রোটোকল কঠোরভাবে মেনে চলারও নির্দেশ দেওয়া হয়েছে। ভোটগ্রহণ থেকে শুরু করে ব্যালট সংরক্ষণ— প্রতিটি ধাপে যাতে কোনও ত্রুটি না থাকে, সে দিকেও বিশেষ নজর দিতে বলা হয়েছে।

এদিকে, কমিশন হুগলীর চুঁচুড়া বিধানসভার পর্যবেক্ষক সি পলসারুকে সরিয়ে দিয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০

রাজ্যে বিধানসভা নির্বাচনের প্রথম দফার ভোট গ্রহণের আর মাত্র পাঁচ দিন বাকি থাকতে জমে উঠেছে প্রচার।

বরিষ্ঠ বিজেপি নেতা ও প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী দলীয় প্রার্থীদের হয়ে প্রচারে রাজ্যে আসছেন। আগামীকাল সকাল ১১টায় তিনি বাঁকুড়ার বড়জোড়া, পুরুলিয়া, ঝাড়গ্রাম এবং মেদিনীপুরে দলীয় প্রার্থীদের সমর্থনে জনসভা করবেন।

অন্যদিকে বিজেপি নেতা কেন্দ্রীয় স্বাস্থ্যমন্ত্রী জগৎ প্রকাশ নাড্ডা কোচবিহারের শীতলকুচিতে জনসভা করবেন। দুপুরে জলপাইগুড়িতে একটি রোড শোতেও অংশ নেবেন তিনি।

অপর বিজেপি নেতা ও প্রতিরক্ষা মন্ত্রী রাজনাথ সিং বিধানসভা নির্বাচনের প্রচারে আজ কলকাতায় আসছেন।

এদিকে বিজেপির সর্বভারতীয় সভাপতি নীতিন নবীন আগামীকাল দুপুরে বালুরঘাটে দলীয় প্রার্থীদের সমর্থনে রোডশো এবং পরে মালদায় জনসভা করবেন।

**আজ** উত্তরবঙ্গে জনসভা করেন **বিজেপি** নেতা, অসমের **মুখ্যমন্ত্রী হিমন্ত বিশ্ব শর্মা**। কালিম্পং-এর গরুবাথান, কোচবিহারের দিনহাটা ও সিতাই-এ তিনি দলীয়প্রার্থীদের সমর্থনে প্রচার করেন। রাজ্যে শিল্প উপযোগী পরিবেশ নেই বলে অভিযোগ করেন তিনি। চা-বাগানের শ্রমিকদের সঙ্গে তৃণমূল কংগ্রেস সরকার বঞ্চনা করেছে বলেও তিনি মন্তব্য করেন।

( বাইট – হিমন্ত)

উত্তরপ্রদেশের মুখ্যমন্ত্রী যোগী আদিত্যনাথ আজ জলপাইগুড়ির ধুপগুড়ি এবং কোচবিহারে সভা করেন। তিনি বলেন, তৃণমূল কংগ্রেস রাজ্যে হুমকি-সন্ত্রাসের রাজনীতি করছে।

বিজেপির রাজ্য সভাপতি **সুকান্ত মজুমদার,** ময়ুরেশ্বর, দুবরাজপুর, সাঁইথিয়া, ও দুর্গাপুর পশ্চিম বিধানসভা কেন্দ্রে আজ প্রচারে যোগ দিচ্ছেন।

উত্তর ২৪ পরগনার কামারহাটিতে বিজেপি প্রার্থীর সমর্থনে প্রচারে যোগ দিয়েছেন, মধ্যপ্রদেশের মুখ্যমন্ত্রী মোহন যাদব।

তৃণমূল কংগ্রেস প্রধান **মুখ্যমন্ত্রী মমতা** ব্যানার্জি আজ হাওড়ার উলুবেড়িয়া, দক্ষিণ ২৪ পরগণার বারুইপুর, ভাঙ্গড় ও সোনারপুরে জনসভায় বক্তব্য রাখেন। বারুইপুর রাসমেলার মাঠে সভা থেকে বিজেপি-র তীব্র সমালোচনা করেন তিনি। মুখ্যমন্ত্রী বলেন, বিজেপির পতন শুরু হয়ে গেছে।

(বাইট – মমতা)

এছাড়া, হাওড়ার উত্তর ও মধ্য কেন্দ্রের প্রার্থীর সমর্থনে এক পদযাত্রাতেও অংশ নেন তিনি।

তৃণমূল কংগ্রেসের সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায়, মুর্শিদাবাদে আজ রোড শো-এ অংশ নিয়েছেন। পূর্ব বর্ধমানের জামালপুর বিধানসভার দলীয় প্রার্থীর সমর্থনে প্রচার করছেন তিনি। সভা থেকে তিনি কেন্দ্রীয় বাজেটের সমালোচনা করেন।

**ঝাড়খন্ডের মুখ্যমন্ত্রী** ঝাড়খন্ড মুক্তি মোর্চার নেতা **হেমন্ত সোরেন**, বাঁকুড়া, পুরুলিয়া, ঝাড়গ্রাম ও পশ্চিম মেদিনীপুরে **তৃণমূল কংগ্রেসের** প্রার্থীদের হয়ে প্রচার করেন।

এদিকে, তেলেঙ্গানার মন্ত্রী, প্রাক্তন ক্রিকেট অধিনায়ক **মহম্মদ আজারউদ্দিন** মুর্শিদাবাদের বহরমপুর, বেলডাঙ্গা, রাণীনগর, ভরতপুর ও মালদার সুজাপুরে কংগ্রেস প্রার্থীদের হয়ে রোড শো ও প্রচার কর্মসূচীতে অংশ নিয়েচ্ছেন। কংগ্রেস নেতা **অধীর রঞ্জন** চৌধুরী'ও কান্দি, ভগবানগোলা, হাজিনগর ও বহরমপুরে জনসভা করছেন।

CPIM রাজ্য সম্পাদক **মহম্মদ সেলিম** মালদায় এবং বিকাশরঞ্জন ভট্টাচার্য সহ দলের অন্য নেতা কর্মীরা বিভিন্ন জায়গায় পথসভা ও মিটিং মিছিলে সামিল হচ্ছেন।

oooooooooooooooooooo

রাজ্যে এবারের বিধানসভা নির্বাচন জনতা বনাম তৃণমূল কংগ্রেসের লড়াই বলে বিজেপি দাবি করেছে। কলকাতায় আজ মিট দ্য প্রেস অনুষ্ঠানে দলের রাজ্য সভাপতি শমীক ভট্টাচার্য জানিয়েছেন, এই নির্বাচন বিজেপির সঙ্গে তৃণমূল কংগ্রেসের লড়াই নয়। মা, মাটি,মানুষ ও প্রতারিত মেধার সঙ্গে তৃণমূল কংগ্রেসের লড়াই। মানুষের মধ্যে যে ক্ষোভ জমা হয়েছে,তা এবারের নির্বাচনে প্রতিফলিত এবং এই লড়াইতে মানুষ জয়ী হবে।

oooooooooooooooooooo

তৃণমূল কংগ্রেসের আমলে রাজ্যে কর্মসংস্থানের বেহাল দশা বলে প্রদেশ কংগ্রেস সভাপতি শুভঙ্কর সরকার মন্তব্য করেছেন। আজ কলকাতা প্রেস ক্লাবে সাংবাদিকদের কাছে তিনি বলেন, পশ্চিমবঙ্গে কংগ্রেসের আমলেই কলকারখানা গড়ে উঠেছে। তিনি মানুষকে তুল্যমূল্য বিচার করে ভোট দেওয়ার আহ্বান জানান।

oooooooooooooooooooo

ভোটের মুখে তৃণমূল কংগ্রেস প্রার্থী দেবাশিস কুমারের বাড়িতে আয়কর দফতরের তল্লাশির প্রেক্ষিতে নির্বাচন কমিশনের দ্বারস্থ হয়েছে তৃণমূল কংগ্রেস। এই পদক্ষেপ আইনি প্রক্রিয়া ও নির্বাচনী আচরণবিধি, দু'য়েরই পরিপন্থী বলে দলের তরফে কমিশনের কাছে চিঠি দিয়ে অভিযোগ জানানো হয়েছে। উল্লেখ্য গতকাল **১৭**ই এপ্রিল দেবাশিস কুমারের বাড়ি ও অফিসে তল্লাশি চালায় আয়কর দফতর। তৃণমূল কংগ্রেসের দাবি, এই তল্লাশির আগে কোনও নোটিস, সমন বা নথি চাওয়ার প্রক্রিয়া অনুসরণ করা হয়নি, যা আয়কর আইনের নির্ধারিত বিধির পরিপন্থী।

oooooooooooooooooooo

দক্ষিণ ২৪ পরগনার বাসন্তীর নতুনহাটে বিজেপি প্রার্থী বিকাশ সর্দারের নির্বাচনী প্রচারে ফের বাধা দেওয়ার অভিযোগ উঠেছে শাসক দলের কর্মী সমর্থকদের বিরুদ্ধে। এর জেরে এলাকায় ব্যাপক চাঞ্চল্য ছড়ায়। পরিস্থিতি নিয়ন্ত্রণে আনতে দ্রুত ঘটনাস্থলে পৌঁছয় পুলিশ ও কেন্দ্রীয় বাহিনী। একজনকে আটক করেছে পুলিশ।

এদিকে, উত্তর ২৪ পরগনার শাসনে দলীয় পতাকা লাগানো নিয়ে আই এস এফ এবং তৃণমূল কংগ্রেস কর্মী সমর্থকদের মধ্যে আজ ব্যাপক সংঘর্ষ বাধে। এই ঘটনায় উভয়পক্ষের ২ জন আহত হয়েছেন। আটক করা হয়েছে দু-জনকে।

oooooooooooooooooooo

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ রাত্রি সাড়ে ৮ টায় জাতির উদ্দেশে ভাষণ দেবেন। গতকাল লোকসভায় মহিলা সংরক্ষণ সংশোধনী বিল দুই তৃতীয়াংশ সংখ্যাগরিষ্ঠতার অভাবে অনুমোদিত না হওয়ায় এক দিনের মধ্যেই প্রধানমন্ত্রীর এই ভাষণকে

তাৎপর্যপূর্ণ বলে মনে করা হচ্ছে। বিরোধী দলগুলি এই বিলে সমর্থন না দেওয়ায় প্রস্তাবিত এই সংশোধনীটি পাশ হয়নি। এতে সারাদেশে আসন পুনর্বিন্যাসের মাধ্যমে মহিলা সংরক্ষণ আইনকে কার্যকর করার কথা বলা হয়েছিল।

oooooooooooooooooooo

কেন্দ্রীয় সরকারী কর্মচারীদের জন্য মহার্ঘ্য ভাতা দুই শতাংশ হারে বাড়ানো হয়েছে। কেন্দ্রীয় মন্ত্রিসভার বৈঠকে আজ এই সিদ্ধান্ত নেওয়া হয়েছে। এবছরের পয়লা জানুয়ারী থেকে এই সিদ্ধান্ত কার্যকর হবে। একই সঙ্গে পেনশন প্রাপকদের জন্যও মহার্ঘ্যভাতাও একই হারে বাড়ানো হয়েছে। এরফলে কেন্দ্রীয় সরকারী কর্মচারী ও পেনশন প্রাপকদের মহার্ঘভাতার পরিমাণ বেড়ে ৬০ শতাংশ হবে। আজ নতুন দিল্লিতে মন্ত্রিসভার বৈঠক শেষে কেন্দ্রীয় মন্ত্রী অশ্বিনী বৈষ্ণ একথা জানান। এজন্য প্রতি বছর সরকারের কোষগার থেকে ৬ হাজার ৭৯১ কোটি টাকা অতিরিক্ত ব্যয় হবে। এরফলে ৫০ লক্ষেরও বেশি কর্মচারী এবং ৬৮ লক্ষেরও বেশি পেনশনপ্রাপক উপকৃত হবেন বলে তিনি জানান।

( বাইট – অশ্বিনী বৈষ্ণ/ডিএ)

oooooooooooooooooooooooooo

রাজ্য সরকার বাজেটে এক কিস্তি মহার্ঘ্যভাতা দেবার কথা ঘোষণা করলেও এখনও পর্যন্ত তা বাস্তবায়িত হয়নি বলে রাজ্য কো-অর্ডিনেশন কমিটির সাধারণ সম্পাদক বিশ্বজিৎ গুপ্ত চৌধুরী অভিযোগ করেছেন।

(বাইট – বিশ্বজিৎ গুপ্ত)

শিক্ষানুরাগী ঐক্যমঞ্চের সাধারণ সম্পাদক কিংকর অধিকারী ডিএ নিয়ে রাজ্য সরকারের ভূমিকার সমালোচনা করেছেন।

অন্যদিকে, সংগ্রামী যৌথ মঞ্চের সাধারণ সম্পাদক ভাস্কর ঘোষ বলেন, রাজ্যের বর্তমান সরকার শ্রম এবং কর্মচারী বিরোধী।

(বাইট – ভাস্কর ঘোষ)

oooooooooooooooooooo

রাজ্যের দক্ষিণের জেলাগুলিতে আগামী বৃহস্পতিবার পর্যন্ত গরম ও অস্বস্তিকর আবহাওয়া বজায় থাকবে। এই সময় তাপমাত্রা ধীরে ধীরে তিন থেকে চার ডিগ্রি পর্যন্ত বাড়তে পারে বলে আলিপুর আবহাওয়া দপ্তর জানিয়েছে। তবে বিক্ষিপ্তভাবে কয়েকটি জেলায় হালকা বৃষ্টির সম্ভাবনা

oooooooooooooooooooo

ইডেনে আইপিএল এর ম্যাচে আগামীকাল কলকাতা নাইট রাইডার্স, রাজস্থান রয়্যালস এর বিরুদ্ধে খেলবে। খেলা শুরু হবে দুপুর সাড়ে তিনটেয়। এখনো পর্যন্ত প্রতিযোগিতায় জয় পায়নি নাইট রাইডার্স।

oooooooooooooooooooo

সাধক শিল্পী কানাই দাস বাউলের জীবনাবসান হয়েছে। মৃত্যুকালে বয়স হয়েছিল ৮২। আজ সকালে বীরভূমের তারাপীঠে তিনি শেষ নিশ্বাস ত্যাগ করেন। দৃষ্টিহীন এই শিল্পী দীর্ঘদিন ধরে আধ্যাত্মিক সাধনা ও বাউল রীতির এক প্রতীক হয়ে উঠেছিলেন। তাঁর কণ্ঠে "কে বলে মানুষ মরে, আমি বুঝলাম না ব্যাপার" কিংবা "মানুষ ভজলে সোনার মানুষ হবি" বিপুল জনপ্রিয় হয়েছিল। তাঁর মৃত্যুতে বাউল সঙ্গীত জগতে শোকের ছায়া নেমে এসেছে।

oooooooooooooooooooo

ooooooooooooooooooooo